

শাহজাহান আলী বিপাশ | দেশজুড়ে | 30 June, 2025

দুর্নীতির বিরুদ্ধে গণসচেতনতা বাড়াতে বিনাইদহে সাইকেল র্যালি অনুষ্ঠিত হয়েছে। সোমবার সকালে শহরের আজাদ রেস্ট হাউজের সামনে থেকে ইয়েস গ্রুপের আয়োজনে এক র্যালী বের করা হয়।

র্যালিতে বিভিন্ন স্কুল-কলেজের শিক্ষার্থীরা অংশ নেয়। র্যালীটি শহরের পায়রা চত্বর হয়ে, হামদহ ঘুরে, আরাপপুর হয়ে পোস্ট অফিসে মোড়ে গিয়ে শেষ হয়। এর আগে অনুষ্ঠানের উদ্বোধন করেন সনাকের সভাপতি এম সাইফুল মাবুদ। সেসময় উপস্থিত ছিলেন সনাকের সদস্য এন এম শাহজালাল, নাসরিন ইসলামসহ অন্যান্যরা।

আয়োজকরা আশা করেন, এই সাইকেল র্যালির মাধ্যমে দুর্নীতির বিরুদ্ধে সাধারণ মানুষের মধ্যে সচেতনতা আরও বৃদ্ধি পাবে এবং সবাই মিলে দুর্নীতিমুক্ত সমাজ গড়তে একসঙ্গে কাজ করবে।

দুর্নীতি র্যালি বিনাইদহ